

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী  
[www.nilphamari.gov.bd](http://www.nilphamari.gov.bd)  
(আইসিটি শাখা)

স্মারক নম্বর- ০৫.৪৭.৭৩০০.০২৫.০৩২.০০৮.১৭- ৪২


তারিখ: ০৭ মার্চ ২০১৮ খ্রি.

বিষয় : উপজেলা ও ইউনিয়ন পোর্টালে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতে তথ্যাদি হালনাগাদকরণ।


সূত্র : এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৫/০৩/২০১৮ তারিখের ই-মেইল বার্তা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর যৌথ উদ্যোগে তৈরিকৃত জাতীয় তথ্য বাতায়ন বিশ্বের বৃহত্তম তথ্য বাতায়নগুলোর মধ্যে অন্যতম। জাতীয় তথ্য বাতায়নকে আরও সমৃদ্ধ ও জনবান্ধব করার প্রয়াসে সম্প্রতি মাঠ পোর্টালগুলোতে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতে তথ্য প্রদানের সুযোগসহ বিভিন্ন বিষয় সংযোজন করা হয়েছে। ০৭ মার্চ, ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জাতীয় তথ্য বাতায়নের অগ্রগতি এবং বর্তমান কার্যক্রম সম্পর্কে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সে আগামী ০৭ দিনের মধ্যে জাতীয় তথ্য বাতায়নের অসম্পূর্ণতা দূরীকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় সহায়তার জন্য তাঁর উপজেলার তথ্য বাতায়নের অনলাইন রিপোর্ট এবং পোর্টালের বর্তমান অবস্থার একটি রিভিউ রিপোর্ট ই-মেইলের মাধ্যমে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, জাতীয় তথ্য বাতায়নে তাঁর উপজেলাধীন উপজেলা ও ইউনিয়ন পোর্টালের তথ্যাদি আগামী ১২ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে বাংলা ও ইংরেজি উভয় ভাষায় সংযোজনসহ অসম্পূর্ণতা দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
০৭/০৩/২০১৮

(মোঃ শাহীনের আলম)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ফোন: ০৫৫১-৬১৩৪৬  


উপজেলা নির্বাহী অফিসার

..... (সকল), নীলফামারী।